গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (অংশ-১)/১১৫ — তারিখ: ০৮.০৫.২০২৫ খ্রি.

**বিষয়: উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য প্রেরণ সংক্রান্ত ভুয়া চিঠির বিষয়ে সতর্কীকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির নামে গত ৩০.০৪.২০২৫ তারিখের এইচএসপি/মাঠ পর্যায়ের যোগাযোগ/০৪/২০২০/৩২২ নম্বর স্মারকে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণির উপবৃত্তির জন্য উপজেলা/থানা ভিত্তিক নির্বাচিত একটিভ/সক্রিয় শিক্ষার্থীদের সংখ্যা ও নামের তালিকা সংযুক্ত এক্সেল শীট অনুযায়ী ২০/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ইমেইলে প্রেরণ করার জন্য জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ, সহকারী পরিচালক (উপবৃত্তি) কর্তৃক স্বাক্ষরিত একটি পত্র জারি হয়েছে মর্মে দেখা যায়। **উল্লেখ্য, এ ধরণের কোন পত্র এ অফিস থেকে জারি করা হয়নি এবং এ সংক্রান্ত কোন তথ্য চাওয়া হয়নি। এছাড়াও, বর্ণিত পত্রে উল্লিখিত ইমেইল (dhakaeducationsboard@gmail.com) টি এ অফিসের ই-মেইল নয়।**

০২। বর্ণিত অবস্থায়, এ বিষয়ে কোনরূপ কার্যক্রম গ্রহণ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। এক্ষেত্রে আরো উল্লেখ্য যে, এ অফিসের কোন কর্মকর্তা/কর্মচারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে কোন ধরণের OTP জানার জন্য কোনরূপ যোগাযোগ করেন না। সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ যাতে কোন OTP বা উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের কোন তথ্য অন্য কারো নিকট প্রদান/হস্তান্তর না করেন সে বিষয়ে বিশেষ সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

০৮/০৫/২৫

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৫। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা শিক্ষা প্রতিষ্ঠান।
০৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
০৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। প্রেগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।